কুষ্টিয়ার কুমারখালীতে ভ্যান চালককে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার কুমারখালীতে তাজেম নামের এক ভ্যান চালককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার রাত ৯টার দিকে উপজেলার নন্দলালপুর ইউনিয়নের বুরুজ বাখই এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত তাজেম কুমারখালী উপজেলার বাখই এলাকার আবুল কাশেমের ছেলে। স্থানীয়রা থানায় খবর দিলে পুলিশ এসে বুরুজ বাখই মাধ্যমিক বিদ্যালয়ের সামনের মাঠ থেকে মরদেহ উদ্ধার করে হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, পূর্ব শত্রুতার জের ধরে পরিকল্পিতভাবে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটতে পারে। কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জামাল উদ্দিন জানান, নিহতের শরীরে ধারালো অস্ত্র দিয়ে কোপানোর একাধিক চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতার জের ধরে এ হত্যার ঘটনা ঘটতে পারে। হত্যার প্রকৃত কারণ উদ্ঘাটনে পুলিশ ইতোমধ্যে তদন্ত করছে।

বানভাসি মানুষের সাহায্যে এগিয়ে এসেছে ভ্যান চালক, শ্রমিক, দিন মজুর, ভিক্ষুক

ভ্যান চালক থেকে শুরু করে শ্রমিক, দিন মজুর, নারী ও শিশুরাও এগিয়ে এসেছেন বানভাসি মানুষের সাহায্যের জন্য। সাহায্যের হাত বাড়িয়ে দিতে সকলেই যেনো শামিল হয়েছেন এক কাতারে। সতস্ফূর্ত সহযোগীতার এ দৃশ্য গাংনী উপজেলা শহরের। বানভাসি অসহায় মানুষের সাহায্যের জন্য গতকাল শনিবার দিনভার গাংনী উপজেলা শহরে তিনটি গ্রুপ হয়ে অর্থ সংগ্রহ করেন।

বানভাসি মানুষের সাহায্যে এগিয়ে এসেছে ভ্যান চালক, শ্রমিক, দিন মজুর, ভিক্ষুক

ভ্যান চালক থেকে শুরু করে শ্রমিক, দিন মজুর, নারী ও শিশুরাও এগিয়ে এসেছেন বানভাসি মানুষের সাহায্যের জন্য। সাহায্যের হাত বাড়িয়ে দিতে সকলেই যেনো শামিল হয়েছেন এক কাতারে। সতস্ফূর্ত সহযোগীতার এ দৃশ্য গাংনী উপজেলা শহরের। বানভাসি অসহায় মানুষের সাহায্যের জন্য গতকাল শনিবার দিনভার গাংনী উপজেলা শহরে তিনটি গ্রুপ হয়ে অর্থ সংগ্রহ করেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এঁর অঙ্গ সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গার ও গাংনী বাজার কমিটির উদ্যোগে এই অর্থ সংগ্রহ করেন।

সরেজমিনে দেখা যায়, গাংনী শহরের বড় বাজার বাসস্ট্যান্ড, কাথুলি মোড়, থানার মোড় এলাকায় ছোট ছোট বাকস, ও ড্রামে করে টাকা সংগ্রহ করছেন। পথচারী, ব্যবসায়ী, নারী, পুরুষ, ভ্যান চালক, দিন মজুরসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ দানবাক্সে অর্থ সহায়তা দিচ্ছেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা মুজাহিদ, ফরিদুল ইসলাম পান্না, আজম, জীবনসহ তাদের ত্রিশ জন সদস্য অর্থ সংগ্রহে স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালন করছেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাথে গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওনের নেতৃত্বে মার্কেট মালিক সমিতির সহ-সভাপতি হাজী রবিউল ইসলাম, ব্যবসায়ী জিনারুল ইসলাম, হাফিজুল ইসলামসহ অন্যান্য ব্যবসায়ী নেতৃবৃন্দ অংশ নেন।

এদিকে, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দিনের নেতৃত্বে ইয়ূথ এন্ডিং হাঙ্গারের সদস্য ফিরোজ আহম্মেদ পলাশ, রাকিবুল ইসলাম রকি, নাসিম আহমেদ, সুমন

রেজা, হুসাইন বাদশা, সম্রাট, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, গাংনী সাইন্স এন্ড টেকনলোজিত কলেজের পরিচালক নাজমুল হুসাইন, কলেজ শিক্ষক রফিকুল ইসলাম বকুল স্বেচ্ছায় হিসেবে অর্থ সংগ্রহ অভিযানে অংশ নেন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দিন জানান, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগী সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গারের স্বেচ্ছাসেবীরা একদিনে প্রায় লক্ষাধিক টাকা সংগ্রহ করেছেন।

এদিকে গাংনী বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও বাজার কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে তারাও একদিনে কয়েক লক্ষ টাকা সংগ্রহ করেছেন।

কয়েকদিনের মধ্যেই এসব টাকা পয়সা দূর্গত এলাকার বানভাসি অসহায় মানুষের মাঝে বিতরণ করা হবে।

দামুড়হুদাতে সড়ক দুর্ঘটনায় ভ্যান চালক নিহত

দামুড়হুদায় মাইক্রো পাখি ভ্যান মুখোমুখি সংঘর্ষে ভ্যানচালক বৃদ্ধ হারেজ আলী নামে একজন নিহত হয়েছে। বৃহস্পতিবার সকাল ৮ দিকে চুয়াডাঙ্গা-দামুড়হুদা সড়কের উজিরপুর মাদ্রাসার সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত ভ্যান চালক দামুড়হুদার বিষ্ণপুর গ্রামের উত্তর পাড়ার মৃত রিয়াজ উদ্দিনের ছেলে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী জানান, অন্যান্য দিনের মত বৃহস্পতিবার সকালে ভ্যান চালক হারেজ আলী বিষ্ণপুর গ্রাম থেকে উজিরপুর মাদ্রাসার এক ছাত্রীকে মাদ্রাসায় নিয়ে আসেন।

ওই ছাত্রীকে মাদ্রাসায় নামিয়ে দিয়ে ভ্যান ঘোরানোর সময় চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার অভিমুখে যাওয়া দ্রুত গতির একটি

মাইক্রো ভ্যানের সামনে ধাক্কা দিলে ভ্যান চালক হারেজ আলী গুরুতর আহত হয়ে সড়কের উপর ছিটকে পড়ে। এসময় স্থানীয় লোকজন ও মাদ্রাসার শিক্ষকরা ভ্যান চালককে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর জানান, ঘাতক মাইক্রো সহ চালককে আটক করা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে এখনো পর্যন্ত কোন অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনি পদক্ষেপ নেওয়া হবে।